



## ট্রাম্পের ৪৮ ঘণ্টার আল্টিমেটাম প্রত্যাখ্যান ইরানের



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানকে কঠোর বার্তা দিয়ে জানিয়েছেন, আগামী ৪৮ ঘণ্টার মধ্যে কোনো ধরনের শান্তিচুক্তিতে না পৌঁছালে দেশটির জন্য ভয়াবহ পরিণতি অপেক্ষা করছে। তবে এই আল্টিমেটামকে সরাসরি “দুর্বল ও উদ্ভিন্ন মনোভাবের প্রকাশ” বলে উড়িয়ে দিয়েছে তেহরান। ইরানের সামরিক বাহিনীর কেন্দ্রীয় কমান্ড খাতাম আল-আম্মিয়া এক বিবৃতিতে ট্রাম্পের হুমকিকে প্রত্যাখ্যান করে কঠোর অবস্থান জানায়। সেখানে কমান্ডার জেনারেল আলী আবদুল্লাহি বলেন, কোনো ধরনের আগ্রাসন চালানো হলে ইরান শক্ত ও অব্যাহত পাল্টা আঘাত হানবে, যা হবে ধ্বংসাত্মক। এর আগে মার্কিন-ইসরায়েলি হামলায় ইরানের মাহশাহর পেট্রোকেমিক্যাল এলাকায় প্রাণহানির ঘটনা ঘটে। এতে পাঁচজন নিহত এবং ১৭০ জনের বেশি মানুষ আহত হন বলে জানা গেছে। পাশাপাশি সংঘাত শুরু পর থেকে ৩০টিরও বেশি বিশ্ববিদ্যালয় লক্ষ্য করে হামলা চালানো হয়েছে।

LENS ASIA